মেহেরপুরে ভ্রাম্যমাণ আদালতে দুই যুবকের কারাদণ্ড, জরিমানা আদায়

মেহেরপুরে মাদক সেবন করে মাতলামি করে সামাজিক অবক্ষয় করার অভিযোগে রিপন হোসেন ও রাসেল আহমেদ নামের ২ যুবককে ৩ মাসের কারাদণ্ড ও ৫০০ টাকা করে জরিমান করেছে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

সাজাপ্রাপ্ত রিপন হোসেন সদর উপজেলার চাঁদবিল গ্রামের মন্টু আলীর ছেলে এবং রাসেল আহমেদ মেহেরপুর শহরের শিশু বাগান পাড়ার ঝড়ুর ছেলে।

গতকাল সোমবার বিকালে মেহেরপুর সদর উপজেলা চাঁদবিলে গ্রামে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে রিপন ও রাসেলকে ৩ মাস করে বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা করে অর্থদণ্ড করা হয়।

মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান এই ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

নির্বাহী ম্যাজিস্ট্রেট গাজী মূয়ীদুর রহমান বলেন, মাদকাসক্ত রিপন হোসেন ও রাসেল আহমেদ তাদের দোষ স্বীকার করায় তাদের এই সাজা দেওয়া হয়েছে।

মাদক সেবন করার সময় গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে অভিযান চালিয়ে রিপন ও রাসেলকে আটক করা হয়। পরে ভ্রাম্যমান আদালতে নেন মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

প্রকাশিত হলো মেহেরপুরের লেখক খালিদ মোশারফের বই

মেহেরপুরের সন্তান খালিম মোশারফের ’শিক্ষা ও শিক্ষক’ বইটি প্রকাশিত হয়েছে ঢাকার সহজ প্রকাশ থেকে। বইটি বাংলাদেশের বিভিন্ন লাইব্রেরিতে পাওয়া যাবে। বইটি অনলাইনে রকমারি থেকে কেনা যাবে। মেহেরপুরের রাজ্জাক লাইব্রেরিতে বইটি পাওয়া যাচ্ছে। অথবা এই নম্বরে ০১৭৭৬১৬২২২৮ কল দিয়ে বইটি সংগ্রহ করতে পারেন।

যে কোন পাঠক বইটি পড়লে প্রাথমিক শিক্ষা ও শিশু শিখন সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবেন। ‘শিক্ষা ও শিক্ষক’ বই এর প্রতিটি প্রবন্ধ প্রাথমিক শিক্ষা জগতকে শিশু, শিক্ষক ও অভিভাবকদের চোখ দিয়ে দেখার একটি সাবলীল পাঠ হিসেবে কাজ করে। এই বইটি শিক্ষক ও অভিভাবকদের প্রাথমিক শিক্ষার বর্তমান গতিধারা অন্বেষণে আগ্রহী করে তুলবে।

লেখক খালিদ মোশারফ বর্তমানে ইন্সট্রাক্টর (জেনারেল) হিসেবে পিটিআইতে কর্মরত আছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইইআর থেকে ২০১২ সালে উচ্চশিক্ষা অর্জন করেন। তিনি বাংলাদেশের বিভিন্ন জেলায় শিক্ষামূলক প্রজেক্টে কাজ করেছেন। তিনি জাতীয় পত্রিকায় নিয়মিত কলাম লেখেন। বইটিতে তিনি শিক্ষা নিয়ে তার বিস্তৃত অভিজ্ঞতা শেয়ার করেছেন।

মুজিবনগরে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

মুজিবনগরে ২০ বোতল ভারতীয় নিষিদ্ধ মাদক ফেনসিডিল সহ ১ মাদক ব্যবসায়ীকে আটক মুজিবনগর থানা পুলিশ।

আটকমাদক ব্যবসায়ী উপজেলার তারানগর গ্রামের চাঁদ আলীর (চান্দু) ছেলে সাইফুল শেখ(৪২)।

গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্তের নির্দেশে থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুর রাজ্জাকের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স মুজিবনগর আট কবর সড়কের রতনপুর হরণের বটতলা থেকে তারানগর মাদারতলা রোডের জহরুলের বাগানের কাছে অভিযান পরিচালনা করে। এ সময় ফেনসিডিল বিক্রির উদ্দেশ্যে অবস্থান করা সাইফুল শেখকে আটক করে তার শরীর তল্লাশি করে হাতে থাকা ব্যাগের ভেতর থেকে ২০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করা হয়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল কুমার দত্ত জানান, মাদক নিয়ন্ত্রণে নিয়মিত অভিযানের অংশ হিসেবে গোপন সংবাদ এর ভিত্তিতে ফেনসিডিল সহ সাইফুল শেখকে আটক করা হয়েছে। তার নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে কোর্টে প্রেরণ করা হবে।

মেহেরপুরে সাদিক ই-বাইক গ্যালারির শুভ উদ্বোধন

বিভিন্ন রকমের স্কিটো মোটরসাইকেল সাইকেল বিভিন্ন ছোট ছেলেদের প্রাইভেট কার পেতে মেহেরপুরে সাদিক ই-বাইক গ্যালারির শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ (১৫ জুলাই) বিকেলে সাড়ে ৫ টার দিকে মেহেরপুর শহরের প্রধান সড়ক কাঁশারী বাজার এলাকায় মনা জুয়েলার্সের আরো একটি অঙ্গ প্রতিষ্ঠান হিসেবে ফিতা কেটে সাদিক ই বাইক গ্যালারি শুভ উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মনা জুয়েলার্সের স্বত্বাধিকারী মোস্তাফিজুর রহমান মনা। এ সময় ফিতা কেটে সাদিক ই বাইক গ্যালারির উদ্বোধন করেন হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি আব্দুল হান্নান।

এছাড়াও হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, সিনিয়র সহ-সভাপতি ও জুয়েলারি সমিতির সাধারণ সম্পাদক শেখ মোমিন, নির্বাহী সদস্য রাশেদ খান, মোঃ আসাদুল ইসলাম খোকন,

মোঃ সাইদুল ইসলাম শাকিব,সাদিক প্রমূখ উপস্থিত ছিলেন।

পরে সেখানে সাদিক ই-বাইক গ্যালারির সাফল্য কামনা করে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মুজিবনগরে কৃষকদের মাঝে রোপা আমন ধানের বীজ বিতরণ

মুজিবনগরে কৃষকদের মাঝে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৫ জুলাই) বেলা সাড়ে ১২টার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, উপজেলা পরিষদ চত্বরে ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২/মৌসুমে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষে আমন ধান বীজ এবং রাসায়নিক সার বিতরণের উদ্বোধন করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) এবং উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন এর সভাপতিত্বে উপজেলা পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই বীজ বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিবউদ্দিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা মাশরুবা আলম, বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য ও প্যানেল চেয়ারম্যান বাবুল মল্লিকসহ উপজেলা কৃষি অফিসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২/মৌসুমে রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষে কৃষি প্রণোদনার আওতায় উপজেলার ৬ শত কৃষককে ১০ কেজি আমন ধান বীজ ১০ কেজি ডিএপি এবং ১০কেজি এমওপি সার বিতরণ করা হবে।

মুজিবনগরে উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা অনুষ্ঠিত

মুজিবনগররে উপজেলা পর্যায়ে চলতি জুলাই মাসের বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল সাড়ে ১০টা সময় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসনের আয়োজনে এ সকল সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি সভাসহ এ দিন ১৩ টি সভা অনুষ্ঠিত হয়। উপজেলা ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন এর সভাপতিত্বে সভাই উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল কুমার দত্ত, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসানসহ সহ অনুষ্ঠিত সভাসমূহের সদস্যবৃন্দ।

এই দিন উপজেলা আইন-শৃংখলা কমিটি, উপজেলা জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির,উপজেলা চোরাচালান প্রতিরোধ কমিটির, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখার লক্ষ্যে উপজেলা টাস্কফোর্স কমিটি, উপজেলা ইনোভেশন কমিটি ,উপজেলা আইসিটি কমিটির, উপজেলা পণ্য বিপনণ কমিটির সভা, উপজেলা কর্ণধর কমিটি, উপজেলা যৌতুক, বাল্যবিবাহ নিরোধ এবং জন্মমৃত্যূনিবন্ধন কমিটি, উপজেলা Watch Dog কমিটি, উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি, উপজেলা নারী ও শিশু পাচার রোধকল্পে গঠিত প্রচার কমিটি , উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটি,কারাবন্ধী শিশু কিশোরদের মুক্তির বিষয় সংক্রান্ত এবং উপজেলা এসডিজি বিষয়ক কমিটির সভা অনুষ্ঠিত হয়।

ভেটেরিনারি সার্জন ছাকিবুলের অনিয়মই যেন নিয়ম!

মেহেরপুর সদর উপজেলার প্রাণি সম্পদ অফিসের ভেটেরিনারি সার্জন ডাঃ সৈয়দ ছাকিবুল ইসলামের বিরুদ্ধে নানা ধরনের দুর্নীতির নানা অভিযোগ উঠেছে।

এক্সপোজার ভিজিটের টাকা আত্মসাৎ, সরকারি ডরমেটরি কর্মচারির নামে বরাদ্দ নিয়ে নিজে বসবাস, জরুরী সেবায় ব্যবহৃত এমভিসি গাড়িটি ব্যক্তিগত কাজে ব্যবহার, চিকিৎসা সেবা প্রদান করে খামারীদের কাছ থেকে অর্থ নেয়া, নিজে চিকিৎসা না দিয়ে বহিরাগতদের দিয়ে প্রতিদিন হাসপাতালে চিকিৎসা প্রদানসহ সীমাহিন অনিয়ম ও দুর্ব্যবহারে ভুক্তভোগীরা অতিষ্ঠ হয়ে উঠেছে।

ডা. সৈয়দ ছাকিবুল ইসলাম ২০২১ সালে ভেটেরিনারি সার্জন হিসেবে মেহেরপুর সদর উপজেলা প্রাণি সম্পদ অফিসে যোগদান করেন । বর্তমানে ভারপ্রাপ্ত উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা হিসেবেও দায়িত্বে আছেন।

মেহেরপুর সদর উপজেলা প্রাণি সম্পদ দফতর ও ভেটেরিনারি হাসপাতালে ২০২৩-২০২৪ অর্থবছরে এক্সপোজার ভিজিট বাবদ বরাদ্দ এসেছে ১১ লাখ ৩৯ হাজার ৫০০ টাকা। এক্সপোজার ভিজিট বলতে অভিজ্ঞতা বিনিময়ের জন্য এক দল খামারিকে তাদের এলাকা থেকে অন্য এলাকার একটি খামার পরিদর্শনকে বোঝায়। অন্য এলাকার খামারিরা যেসব নতুন প্রযুক্তি ব্যবহার করেছেন বা উন্নয়ন সাধন করেছেন বা গবেষণা কেন্দ্রে বা খামারে যেসব প্রযুক্তি উদ্ভাবিত হয়েছে সেসব কার্যক্রম ভিজিটের মাধ্যমে বিভিন্ন এলাকার খামারিদের প্রদর্শন ও অভিজ্ঞতা বিনিময় করানো হয়। এ বিষয়ে ব্যয় বাবদ অংশগ্রহণকারীদের ভাতা, এলএসপি ভাতা, ভিএস/ইউএলওদের সম্মানি, পরিবহন খরচ এবং খাবার বাবদ খরচ হয়ে থাকে। ৬৩০ জনের উপর এই ব্যয় হবার কথা এবং দায়িত্বরত অফিসার ১টি ভিজিটের জন্য সম্মানি হিসেবে ১ হাজার টাকা করে পাবেন।

অনুসন্ধানে জানা গেছে, এই প্রকল্পে মোট ৫টি এক্সপোজার ভিজিট সম্পন্ন হয়েছে। চলতি বছর ৬ জুলাই ১ম ভিজিটে চুয়াডাঙ্গা জেলার কুলপালায় হাস খামারে ব্যয় হয়েছে ১০০ জনের বিপরীতে ১ লাখ ৬২ টাকা। ২ জুলাই ২য় ভিজিটে চুয়াডাঙ্গার কোষাঘাটা ওয়েভ ফাউন্ডেশনের ছাগল

খামারে ব্যয় হয়েছে ১৪০ জনের বিপরীতে ১ লাখ ৪২ হাজার ৮৪৫ টাকা। ৪ জুলাই ৩য় ভিজিটে দামুড়হুদা পোড়াপাড়ার রাজা এগ্রো ফার্মে ব্যয় হয়েছে ১১০ জনের বিপরীতে ১ লাখ ১২ হাজার ৩৮০ টাকা। ৮ জুলাই ৪র্থ ভিজিটে বারাদি, আলমডাঙ্গার বারাদিতে তাহাজুদ্দিন এগ্রোতে ব্যয় হয়েছে ১২০ জনের বিপরীতে ১ লাখ ২৩ হাজার ৪৩০ টাকা। ১০ জুলাই ৫ম ভিজিটে কুষ্টিয়ার মিরপুরে দিশা এগ্রো ফার্মে ব্যয় হয়েছে ১৬০ জনের বিপরীতে ১ লাখ ৬২হ হাজার ৯৬০ টাকা। ৫টি ভিজিটে ব্যয় ৬ লাখ ৪১ হাজার ৬৪৭ টাকা। অবশিষ্ট ৪ লাখ ৯৭ হাজার ৫৫৩ টাকা আত্মসাৎ করেছেন বলে অভিযোগ উঠেছে ভেটেরিনারি সার্জন ডাঃ ছাকিবুল ইসলামের বিরুদ্ধে। জানা গেছে, তিনি গত ১৩ জুন মেহেরপুর সোনালি ব্যাংক থেকে বরাদ্দের ১১ লাখ ৩৯ হাজার ৫০০ টাকা একসাথে উত্তোলন করেন।

অনুসন্ধানে আরও জানা গেছে, পশু-পাখির জন্য ভ্রাম্যমাণ চিকিৎসা ক্লিনিকের জন্য এমভিসি নামক একটি ডাবল কেবিন পিকআপ আছে। দ্রুততম সময়ে খামারিদের দোরগোড়ায় জরুরী চিকিৎসাসেবা পৌছানোর জন্য এই গাড়িটি ব্যবহার হয়ে থাকে। খামারিরা বিনামূল্যে চিকিৎসাসেবা পাওয়ার কথা। এর জন্য গাড়িটির একটি হটলাইন নাম্বার ১৬৩৫৮ রয়েছে। এখানে ফোন করে তাৎক্ষণিক সেবা পাওয়া সম্ভব। ভেটেরিনারি সার্জন ডাঃ ছাকিবুল ইসলাম এই গাড়ি ব্যবহার করে খামারিদের সেবা দিচ্ছেন, বিনিময়ে অর্থ নিচ্ছেন নিয়মিত।

মেহেরপুর সদর উপজেলার উত্তর শালিকা গ্রামের খামারি সাইফুল ইসলামের কাছে থেকে সেবা দিয়ে টাকা দাবি করেছেন ২২০০ টাকা। খামারি তাকে দিয়েছেন ২০০০ টাকা। একইভাবে শুভরাজপুরের সিরাজের ছেলে খামারি মনিরুল দিয়েছেন ৩৫০০ টাকা। একই গ্রামের ঝন্টু মিয়ার ছেলে খামারি তাহেরের কাছ থেকে ৪০০০ টাকা, একই গ্রামের সিরাজের ছেলে খামারি আমিরুলের কাছ থেকে ২ কিস্তিতে ৩০০০ টাকা, হরিরামপুর গ্রামের আবুল হোসেনের ছেলে খামারি শুভ’র কাছ থেকে ২ মাস আগে ৫ হাজার টাকাসহ আরো অনেকের কাছ থেকে চিকিৎসা বাবদ টাকা নিয়েছেন।

জানা গেছে, প্রাণি সম্পদ সদর অফিসের ২য় তলায় ডরমেটরি আছে। কর্মকর্তা-কর্মচারিরা বেতনের বাড়ি ভাড়া অংশের ২৫ শতাংশ টাকার বিনিময়ে রুম ভাড়া নিতে পারেন। ভেটেরিনারি সার্জনের মূল বেতন বেশি হওয়ায় নিজের নামে ডরমেটরি ভাড়া না নিয়ে কর্মচারি নাজমুল হক (ভিএফএ) এর নামে ১টি রুম বরাদ্দ দেখিয়ে ২টি রুম ফ্যামিলি নিয়ে ব্যবহার করছেন। অফিস সহকারি আজহারুল ইসলাম বলেন, প্রতি মাসে নাজমুল হক (ভিএফএ) ১২০৪ টাকা ডরমেটরির ১টি রুমের ভাড়া বাবদ সোনালি ব্যাংক প্রধান শাখায় চালানের মাধ্যমে জমা দেন। সেখানে

২টি রুম নিয়ে পরিবারসহ বসবাস করছেন ডাঃ সার্জন ছাকিবুল ইসলাম।

সরেজমিনে দেখা যায়, কোনো প্রকার চিকিৎসা সম্পর্কিত ডিগ্রী না থাকা সত্ত্বেও প্রাণি সম্পদ হাসপাতালের আউটডোরে প্রেসক্রিপশন লিখছেন, বিভিন্ন ধরনের অপারেশন করছেন এবং রেজিস্টার খাতা লিখছেন। রোগীর মালিকের নাম, রোগের বিবরণ এবং চিকিৎসা রেজিস্টার খাতায় লিখতে হয়। সেই খাতাটিও বহিরাগতদের দিয়ে করানো হচ্ছে। যা ভেটেরনারি সার্জনের কাছে রেজিস্টার খাতা থাকার কথা। নাজমুল, জনি রাহা, মুফাক্ষেরসহ বহিরাগত আরো অনেকে চিকিৎসা দিচ্ছিলেন। সাংবাদিক দেখে অনেকেই দৌড়ে পালিয়ে যান। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা (ইউএলও) ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন করলেও নেমপ্লেটে ভারপ্রাপ্ত শব্দটি না লিখে প্রতারণা করছেন ডাঃ ছাকিবুল ইসলাম। এছাড়াও তার চেম্বারের পুরো টেবিলটিতে বিভিন্ন ওষুধ কোম্পানী থেকে দেওয়া ওষুধের নাম সম্বলিত সিল রাখা হয়েছে।

অনিয়ম-দুর্নীতির বিষয়ে ভেটেরিনারি সার্জন ডাঃ ছাকিবুল ইসলাম সকল অভিযোগ অস্বীকার করে বলেন, সবকিছু নিয়মের মধ্যে করা হয়েছে। অন্যান্য প্রকল্পের তথ্য চাওয়া হলে তথ্য অধিকার আইনে আবেদন করতে বলেন তিনি।

এ বিষয়ে জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ দেবেন্দ্র নাথ সরকার (অ.দা.) বলেন, সদর ভেটেরিনারি সার্জন ডা. ছাকিবুল ইসলামের বিষয়গুলো খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে হুসাইন মোহাম্মদ এরশাদের ৫ম মৃত্যু বার্ষিকী পালন

মেহেরপুরে জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান, সাবেক রাষ্ট্রপতি মরহুম হুসাইন মোহাম্মদ এরশাদ এর ৫ম মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে স্মরণসভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

সদর উপজেলা জাতীয় পার্টির আয়োজন গতকাল রবিবার (১৪ জুলাই) রাত ৯ টার দিকে জেলা মেহেরপুর শহরের কাশ্যবপাড়ায় এ স্মরণসভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

সদর উপজেলা জাতীয় পার্টির সভাপতি মোঃ সুমন পারভেজের সভাপতিত্বে সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা জাতীয় পার্টির সহ-সভাপতি মোঃ হামিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে জেলা জাতীয় পার্টির সহ-সভাপতি আব্দুল মান্নান, সাংগঠনিক সম্পাদক মোঃ খেলাফত আলী, শহর জাতীয় পার্টির সাবেক সভাপতি মোঃ আব্দুর রাজ্জাক, জেলা জাতীয় পার্টির যুগ্ম ধর্ম বিষয়ক সম্পাদক মোঃ হাসানুজ্জামান হাসান, সাবেক সাংগঠনিক সম্পাদক মোঃ আনছারুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টির সভাপতি খাইরুল বাসার মিঠু, জাতীয় যুব সংহতির সভাপতি সরোয়ার হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

পরে সাবেক রাষ্ট্রপতি মরহুম হুসাইন মোহাম্মদ এরশাদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গাংনী পৌর মেয়র আহাম্মেদ আলীর বিরুদ্ধে সাবেক ছাত্রলীগ নেতার শিপু’র সংবাদ সম্মেলন

যথাযথ নিয়মনীতির তোয়াক্কা না করে গাংনী বাজারে পৌর সুপার মার্কেট নির্মাণ করা হচ্ছে এমন অভিযোগ তুলে এবং মেয়র আহমেদ আলীর দেয়া ফেসবুক লাইভের বক্তব্যেও প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সভাপতি মোঃ শাহিদুজ্জামান শিপু।

আজ রবিবার (১৪ জুলাই) দুপুরে শিপু’র রাজনৈতিক কার্যালয়ে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে গাংনী পৌরসভার মেয়র আহামেদ আলীর ফেসবুক লাইভে অসৌজন্যমুলক দেয়া বক্তব্যের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান

শাহিদুজ্জামান শিপু।

সংবাদ সম্মেলনে শিপু বলেন, গাংনী বাজারের ব্যবসায়ীদের জোর করে উচ্ছেদ করে গাংনী পৌরসভার মেয়র আহমেদ আলী মার্কেট নির্মাণ কাজ শুরু করেছেন। এতে বাজারের ব্যবসায়ীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। এছাড়াও যে জমিতে মার্কেট নির্মাণ করা হচ্ছে সেই জমির কাগজপত্রে ত্রুটি থাকায় সাবেক মেয়র আশরাফুল ইসলাম মার্কেট নির্মাণ করতে চাইলে আদালতের নিষেধাজ্ঞা থাকায় মার্কেট নির্মাণ করতে ব্যার্থ হন। কিন্তু বর্তমান মেয়র আহমেদ আলী ক্ষমতার দাপটে ওই জমিতে জোরপুর্বক মার্কেট নির্মাণ কাজ শুরু করেছেন।

সরকারি জমিতে মার্কেট নির্মাণ কাজ বন্ধের দাবী জানিয়ে শিপু বলেন, মার্কেট নির্মাণ কাজ বন্ধে আলফারুক বাবুল ইতোমধ্যে আদালতের সরনাপন্ন হয়েছেন। যেহেতু জমিটি সরকারি জমি হিসেবে আমরা জানি। ওই জমি রক্ষার সরকার পক্ষে মালিক জেলা প্রশাসক। মেহেরপুর জেলা প্রশাসকের বিষয়টি গুরুত্ব দেয়ার দাবী জানানো হয় সংবাদ সম্মেলনে ।

এসময় সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপু বলেন, মেয়র আহমেদ আলী মেয়র নির্বাচিত হওয়ার আগে সর্বসাকুল্যে ১০ লক্ষ থেকে ১২ লক্ষ টাকার মালিক ছিলেন। কিন্তু তিনি দুবার মেয়র হয়ে শত কোটি টাকার মালিক হয়েছেন। ওই সব টাকার উৎস কোথায় তা জনস্বার্থে দুর্নীতি দমন কমিশন(দুদক)কে অনুসন্ধান করার দাবী করেন।

তিনি আরও বলেন,মেয়র আহমেদ আলী কথায় কথায় আমাকে ‘কাসিনো সম্রাট’ বলে আমার সম্মানের হানি করেন। আমি কোথায় ক্যাসিনো খেলায় সম্পৃক্ত তা প্রমান করতে না পারলে মেয়র আহমেদ আলীর বিরুদ্ধে মান হানির মামলা করতে বাধ্য হবো। মেয়র আহমেদ আলী আমাকে গাংনী ছাড়া করার হুমকি দিয়েছে। তার ক্যাডার বাহিনী দিয়ে আমাকে মেরে ফেলারও হুমকি দিয়েছে। আমি বঙ্গবন্ধুর আদর্শের সৈনিক। বিভিন্ন অনিয়মের প্রতিবাদ করায় আমাকে ভয় দেখিয়ে অবৈধ ফায়দা লুটার চেষ্টা করছেন। মেয়র আহমেদ আলীর। মেয়র আহমেদ আলী নির্বাচিত হওয়ার পর গাংনীতে তেমন কোন উন্নয়ন হয়নি। যা হয়েছে তা উন্নয়নের নামে টেন্ডারবাজিসহ লুটতরাজ হয়েছে। আগামী পৌর সভার নির্বাচনে পৌরবাসী তার দাঁতভাঙ্গা জবাব দেবেন। আওয়ামীলীগ রাজনীতি করার কারনে শিশূকারে আমি পতিৃহারাা হয়েছি। আমার প্রয়াত মামা কামরুজ্জামান বুড়ো গাংনীর মাঠ কাপানো একজন আওয়ামীলীগের কর্মী ছিলেন। তার জীবনকালে মানুষের কল্যাণে কাজ করেছেন। কখনো অর্থের লোভ করেনি। আমিও তার

আদর্শে লালিত হয়েছি। আমি বঙ্গবন্ধুর আদর্শের সৈনিক হিসেবে গাংনীর উন্নয়ন চাই। তবে,কারও পেটে লাথি মেরে উন্নয়ন চাইনি। দেশরত্ন শেখ হাসিনা কারও আহার কেড়ে নেননি। বরং ক্ষুধার্থ মানুষের পেটের আহার জুগিয়েছেন। অথচ মেয়র আহমেদ আলী মানুষের পেটে লাথি মেরে উন্নয়নের গল্প ছাড়াচ্ছেন এবং জমির কাগজপত্র ঠিক না করে মার্কেট নির্মাণ কাজ করতে গিয়ে সংঘাতের পরিস্থিতি সৃষ্টি করছেন বলেও মন্তব্য করেন তিনি।

সংবাদ সম্মেলনে গাংনী উপজেলার বিভিন্ন প্রিন্ট,অনলাইন ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরের মেয়ের কুষ্টিয়ার মেস বাড়িতে আত্মহত্যা

কুষ্টিয়া শহরে মেস বাড়িতে কুষ্টিয়া সরকারী কলেজের ছাত্রী মুজিবনগরের জেরিন খাতুন (১৯)নামে এক কিশোরী আত্মহত্যা করেছে।

জেরিন খাতুন মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের জাহিদুল ইসলাম কারিগর এর মেয়ে। স্থানীয় সূত্রে জানা যায়, জেরিন খাতুন কুষ্টিয়া সরকারি কলেজের H.S.C প্রথম বর্ষের ছাত্রী ছিল শহরের একটি মেস বাড়িতে থেকে পড়াশোনা করত।

বিভিন্ন সূত্রে জানা যায় যে জেরিন খাতুন গত শনিবার দিবাগত রাতের কোন এক সময় শহরের একটি মেস বাড়িতে সিলিং ফ্যানের সাথে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে। খবর পেয়ে কুষ্টিয়া মডেল থানার পুলিশ লাশ হেফাজতে নেই এবং লাশের পোস্টমর্টেম শেষে লাশ পরিবারের কাছে হস্তান্তর করে। তবে কি কারণে সে আত্মহত্যা করেছে এ বিষয়ে কোন কিছু জানা যায়নি।

আত্মহত্যার বিষয়ে কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহফুজুল হক চৌধুরী পিপিএম বলেন, পোস্টমর্টেম শেষে লাশ তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে এবং তদন্তের সুবিধার্থে একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

শেষ খবর পাওয়া পর্যন্ত জেরিন এর লাশ তার নিজগ্রাম আনন্দবাস কবরস্থানে দাফন করা হয়েছে।